# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৭৮

১/ বিবিধ

আরবী

يا عجبا كل العجب للشاك في قدرة الله وهو يرى خلقه، بل عجبا كل العجب للمكذب بالنشأة الأخرى وهو يرى الأولى، ويا عجبا كل العجب للمكذب بنشور الموت وهو يموت كل يوم وفي كل ليلة ويحيى، ويا عجبا كل العجب للمصدق بدار الخلود وهو يسعى لدار الغرور، ويا عجبا كل العجب للمختال الفخور، وإنما خلق من نطفة، ثم يعود جيفة وهو بين ذلك لا يدري ما يفعل به
موضوع

رواه القضاعي (49/1 ـ 2) عن موسى الصغير عن عمرو بن مرة عن أبي جعفر عبد الله بن مسور الهاشمي مرفوعا
قلت: وهذا حديث موضوع، آفته عبد الله بن مسور هذا، وهو من أتباع التابعين كذاب وضاع، رماه بذلك جماعة من الأئمة كأحمد والبخاري والنسائي وغيرهم، وكان يفتعل ذلك حسبة! قال ابن المديني
كان يضع الحديث على رسول الله صلى الله عليه وسلم، ولا يضع إلا ما فيه أدب أو زهد، فيقال له في ذلك؟ فيقول: إن فيه أجرا
قلت: وهذا الحديث من اختلاقه، فإن علامات الوضع عليه لائحة، قبحه الله وقبح أمثاله من الكذابين الذين شوهو اجمال حديث النبي صلى الله عليه وسلم، بما أدخلوا فيه من الغرائب والأباطيل
وقد جاء هذا الحديث في كتاب " المنازل والديار " (ص 102) من المخطوطة التي

قام بطبعها المكتب الإسلامي في دمشق

বাংলা

১০৭৮। সর্বাপেক্ষা আজব ব্যাপার আল্লাহর সক্ষমতায় সন্দেহ পোষণকারীর জন্য অথচ সে তাঁর সৃষ্টিকে দেখছে। বরং সর্বাপেক্ষা আজব ব্যাপার সেই ব্যক্তির জন্য যিনি পুনরুত্থানকে মিথ্যা প্রতিপন্নকারী অথচ প্রথম উত্থানকে দেখছে। সর্বাপেক্ষা আশ্চর্যের ব্যাপার মৃত্যুকে মিথ্যা প্রতিপন্নকারীর জন্য অথচ সে প্রতি দিন ও রাতে মারা যাচ্ছে এবং জন্মিছে। সর্বাপেক্ষা আশ্চর্যের ব্যাপার সেই স্থায়ী বাসস্থানে বিশ্বাসীর জন্য যিনি ধোকাময় বাসস্থানের জন্য শ্রম দিয়ে চলেছেন। সর্বাপেক্ষা আশ্চর্যের ব্যাপার সেই অহংকারীর জন্য যাকে সৃষ্টি করা হয়েছে বীর্য হতে। অতঃপর সে দুর্গন্ধযুক্ত দেহে পরিণত হবে। এমতাবস্থায় তার সাথে কী আচরণ করা হবে সে তা জানে না।

হাদীসটি বানোয়াট।

এটি কাযাঈ (৪৯/১-২) মূসা আসসাগীর হতে, তিনি আমর ইবনু মুররাহ হতে, তিনি আবু জাফর আব্দুল্লাহ ইবনু মিসওয়ার হাশেমী হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে এই আব্দুল্লাহ ইবনু মিসওয়ার। তিনি মিথ্যুক জালকারী তাবে তাবেঈ। তাকে একদল এ দোষে দোষী করেছেন, যেমন ইমাম আহমাদ, বুখারী, নাসাঈ প্রমুখ। সাওয়াবের আশায় তিনি তা তৈরি করতেন!

ইবনুল মাদীনী বলেনঃ তিনি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর হাদীস জাল করতেন। তিনি একমাত্র শিষ্টাচার ও উৎসর্গীকৃত কর্মের বিষয়ে হাদীস জাল করতেন। সে সম্পর্কে তাকে কিছু বলা হলে তিনি বলতেনঃ তাতে সাওয়াব রয়েছে!

আমি (আলবানী) বলছিঃ এটি তারই তৈরিকৃত। বানোয়াটের আলামতগুলো তাতে সুস্পষ্ট। আল্লাহ তাকে ও তার ন্যায় মিথ্যুকদের খারাপ পরিণতি করুন যারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীসের সৌন্দর্যকে অসুন্দর করে দিয়েছে তার মধ্যে গারীব ও বাতিলগুলোর প্রবেশ ঘটিয়ে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন